দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG. 15 1999
পৃষ্ঠা ৮ ... কলাম ৬

# বিনা বেতনে মহিলাদের কুরআন শিক্ষা প্রতিষ্ঠান

চট্টগ্রাম অফিস ॥ নাসিরাবাদ হাউজিং সোসাইটির রোড নম্বর ২, বাড়ী নম্বর ২৯-এ সম্প্রতি বিনা বেতনে মহিলাদের জন্য সহীহ কোরআন ও নামাজ শিক্ষা প্রতিষ্ঠান নূরানী তা'লীমুল কুরআন শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম চালু করা হইয়াছে। বিশ দিনে বিশ ঘন্টায় কুরআন ও নামাজ শিক্ষা দেওয়ার জন্য বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত মহিলা শিক্ষিকাকে নিয়োগ দেওয়া হইয়াছে বলিয়া এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়। প্রতিমাসের এক তারিখ হইতে কোর্স চালু হয় এবং ২০ দিনে শেষ হয়। প্রতিষ্ঠানের সভাপতি আলহাজ্ব জি এম মোস্তফা ও অবৈতনিক সচিব আলহাজ্ব ইমদাদ হোসেন চৌধুরী এই কার্যক্রমে সহযোগিতা করার জন্য সর্বস্তরের মুসলমানের প্রতি আহ্বান জানান।